

## রুয়েটে উপাচার্যবিরোধী আন্দোলন অব্যাহত

দুই দিনে ছয় কর্মকর্তার পদত্যাগ

### ■ রাবি সংবাদদাতা

রাডশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) উপাচার্য ড. নিরাজুল করিম চৌধুরীর পদত্যাগ দাবিতে অব্যাহত রয়েছে। গতকাল মঙ্গলবার প্রশাসনিক কাঠামোর ছয় কর্মকর্তা পদত্যাগ করেছেন। এ নিয়ে দুইদিনে সাত কর্মকর্তার পদত্যাগের ঘটনা ঘটল। গত ১৩ নভেম্বর 'বসবন্ধু পরিষদ' নামের শিক্ষকদের একটি সংগঠনের পক্ষ থেকে উপাচার্যের বিরুদ্ধে জামায়াত-বিএনপি ভোষণের অভিযোগে তার পদত্যাগ দাবির সূচনা হয়।

গতকাল মঙ্গলবার সকালে প্রগতিশীল শিক্ষক কর্মকর্তা-কর্মচারীসহ সংগঠিতদের নিয়ে গঠিত ঐক্য পরিষদের সাথে একাত্মতা ঘোষণা করেন রসায়ন বিভাগের প্রধান অধ্যাপক আশরাফুল ইসলাম, শহীদ মেদিনি হলের প্রাধ্যক্ষ ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার হিরো, একই হলের সহকারী প্রাধ্যক্ষ শহিদুল ইসলাম, আব্দুল হামিদ আবাসিক হলের সহকারী প্রাধ্যক্ষ জাহাঙ্গীর আলম, ইয়ারা কমিটির সভাপতি ড. আব্দুর আলিম এবং ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক আফিজুল ইসলাম। গত মোমবার আন্দোলনকারীদের ভোপের মুখে পদত্যাগ করেছেন বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ পরিচালক (ডিএসজিউ) ড. শামীমুর রহমান।

গতকাল সকাল সাড়ে ৮টা থেকে বেলা ২টা পর্যন্ত প্রশাসনিক ভবনের সামনে তালা বুলিয়ে শিক্ষক কর্মকর্তা-শিক্ষার্থীরা আন্দোলন করেন। উপাচার্যের পদত্যাগ না করা পর্যন্ত অন্য

ক্লাস ও পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়ে এক সমাবেশে ঐক্য পরিষদের নেতা-কর্মীরা বিক্ষোভ প্রদর্শন করেন।

ঐক্য পরিষদের আয়োজক ড. এন এইচ এম কামরুজ্জামান পৃষ্ঠা ২ কলাম ৮

### রুয়েটে উপাচার্য বিরোধী

২৪ পৃষ্ঠার পর

সরকার বলেন, 'হল প্রাধ্যক্ষ পদ থেকে অব্যাহতি নিয়েছি। কদাচন্দ্র কেদেকারিসহ বেশ কয়েকটি অনিয়মে জড়িয়ে পড়া ডিসিকে অপসারণ না করা পর্যন্ত আমাদের আন্দোলন অব্যাহত থাকবে।'

রসায়ন বিভাগের সভাপতি অধ্যাপক আশরাফুল আলমও পদত্যাগ করার কথা স্বীকার করেছেন।

উপাচার্য অধ্যাপক নিরাজুল করিম চৌধুরী বলেন, রাজনৈতিক মহলের এক কর্তব্যাক্তির নির্দেশে বিশ্ববিদ্যালয়ে অরাজকতা সৃষ্টি করা হচ্ছে। আপগে নৈরাজ্য সৃষ্টি করেছে কিন্তু তারা আমার বিরুদ্ধে কোনো প্রমাণ দেখাতে পারেনি।